

মানবজমিন শনিবার

১২ই এপ্রিল ২০২৫



নর্থ সাউথ ইউনিভার্সিটিতে সামার-২০২৫ সেমিস্টারের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ২০২৫ সালের সামার সেমিস্টারের ভর্তি পরীক্ষা শুক্রবার অনুষ্ঠিত হয়েছে। এতে চারটি স্কুলে ভর্তির (আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম) জন্য ৮ হাজার ৬০০ জন পরীক্ষার্থী অংশ নেয়। স্কুল চারটি হলো- স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্স, স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেস, স্কুল অব হিউম্যানিটিস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস এবং স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিক্স। ভর্তি পরীক্ষা উপলক্ষে ক্যাম্পাসে পরিবেশ ছিল উৎসবমুখর। সকাল ১০টায় শুরু হয়ে দুপুর ১২টা ৩৫ মিনিটে পরীক্ষা শেষ হয়। পরীক্ষার হল পরিদর্শন এনএসইউ'র উপাচার্য আবদুল হান্নান চৌধুরী বলেন, “সুষ্ঠুভাবে ভর্তি পরীক্ষার কার্যক্রম সম্পন্ন হয়েছে। যেসকল অভিভাবক আমাদের ওপর আস্থা রেখেছেন, আমরা তাদের প্রতি কৃতজ্ঞ। আশা করি, নতুন শিক্ষার্থীরা এনএসইউ'র সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখতে আমাদের সাহায্য করবে।” এনএসইউ কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক আবদুর রব খান ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের ধন্যবাদ জানান। তিনি বলেন, “নর্থ সাউথ ইউনিভার্সিটিতে সব শিক্ষার্থীকে আমরা স্বাগত জানাচ্ছি। আমরা বিশ্বাস করি, উত্তীর্ণ শিক্ষার্থীরা এনএসইউ'র উদার ও মানবিক পরিবেশে উচ্চশিক্ষা গ্রহণ করে জীবনে উৎকর্ষ সাধন করবে।” বিজ্ঞপ্তি